

সংস্কৃতির ২০১২ সরস্বতী পূজায় আবৃত্তি প্রতিযোগিতা
৬ বছর বয়স পর্যন্ত বিভাগের কবিতা

রবীন্দ্রনাথ ঠাকুরের সহজ পাঠ (প্রথম ভাগ, সপ্তম পাঠ) থেকে

কাল ছিল ডাল খালি,
আজ ফুলে যায় ভ'রে ।
বল্ দেখি তুই মালী,
হয় সে কেমন ক'রে ।

গাছের ভিতর থেকে
করে ওরা যাওয়া-আসা ।
কোথা থাকে মুখ ঢেকে,
কোথা যে ওদের বাসা ।